দরপত্র দাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
www.epb.gov.bd

বিষয়ঃ ৩১তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৭ প্রাঙ্গণের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে ডিআইটিএফ ২০২৭ এ আগত শিশুদের বিনোদনের জন্য শিশু পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) সংক্রান্ত দরপত্র শিডিউল (প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নং-(x) দ্রষ্টব্য)।

১।	**দরপত্র আহবানের উদ্দেশ্য**	:	পূর্বাচল নতুন শহর প্রকল্পের ০৪নং সেক্টরে নির্মিত বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিগ-ওয়েভ)-এ আগামী ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হতে মাসব্যাপী অনুষ্ঠেয় ৩১তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৭ প্রাঙ্গণের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত জায়গায় শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে)।
২।	**কাজের নাম**	:	ডিআইটিএফ ২০২৭ প্রাঙ্গণের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে মেলা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক মেলায় আগত শিশুদের বিনোদনের জন্য শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে)।
৩।	**সর্বনিম্ন ফ্লোর মূল্য**	:	শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) সর্বনিম্ন ফ্লোর মূল্য টাঃ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)।
৪।	**দরপত্র প্রসেসিং ফি**	:	টাঃ ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)। ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা দিয়ে ডিপোজিট স্লিপের কপিসহ দরপত্রের/আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে)। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫।	**দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়**	:	১১-১১-২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০২:০৩০ টা পর্যন্ত।
৬।	**দরপত্র দাখিলের স্থানসমূহ**	:	(ক) প্রশাসন শাখা এবং ডিআইটিএফ সচিবালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা; (খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)-এর অফিস কক্ষ, (১ম ১২ তলা ভবন, ৩য় তলা, কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা; (গ) বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-০৩ (২য় তলা), কক্ষ নং-১২৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এছাড়া (ঘ) ই-মেইলঃ ditf@epb.gov.bd এর মাধ্যমে আবেদনপত্র/দরপত্র দাখিল করা যাবে।
৭।	**দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়**	:	১১-১১-২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০৩:৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স রুম [টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা]-এ দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন)।
৮।	**মেলার মেয়াদকাল**	:	আগামী ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হতে মাসব্যাপী।
৯।	**ইজারা গ্রহণে আগ্রহী দরপত্র দাতা সংস্থা/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্স নম্বরসহ)**	:	

রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

১০। (ক) দরপত্রের সাথে যে সকল কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবে : হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ভ্যাট সনদপত্র, ২০২৫-২৬ কর বছরের আয়কর মামলার নিষ্পত্তির সনদপত্র, ব্যাংক সচ্ছলতার হালনাগাদ সনদপত্র-এর সত্যায়িত কপি, মেলা তহবিলে সকল অর্থ জমার সমর্থনে (যেমনঃ প্রসেসিং ফি, উদ্ধৃত মূল্য ইত্যাদি) ডিপোজিট স্লিপের কপি, দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র।

(খ) দাখিলকৃত কাগজপত্র/ডকুমেন্টস এর তালিকা :

১১। পূর্ব অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে ইহার সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে) :

১২। ডিআইটিএফ ২০২৭ প্রাঙ্গণের মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত সুনির্দিষ্ট জায়গায় শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে)।

উদ্ধৃত মূল্য (Quoted Value) : টাঃ কথায়ঃ
(ভ্যাট ট্যাক্স ব্যতীত)

(বিঃদ্রঃ- আলোচ্য কাজের ক্ষেত্রে প্রতিটি শিশু পার্কের সর্বনিম্ন মূল্য (Floor Rate) হবে টাঃ ২৫,০০,০০০/- (টাকা পঁচিশ লক্ষ) মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)। উক্ত মূল্যের নিম্নে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১২। **উদ্ধৃত মূল্য অগ্রিম পরিশোধঃ**

উদ্ধৃত মূল্যের (Quoted Value) সমুদয় অর্থ (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিলের পূর্বেই ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১**-এ জমা করে জমাদানের মূল ডিপোজিট স্লিপ দরপত্রের সাথে দাখিল করতে হবে। ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে (ডিপোজিট স্লিপ অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠান অথবা ফার্মের নামে হতে হবে)।

(ক) অংকে টাঃ----------

কথায় টাঃ----------

(খ) ব্যাংকের নাম ও শাখা ----------

(গ) ব্যাংক ডিপোজিট স্লিপের স্ক্রল নং----------

(ঘ) তারিখ ----------

দরপত্র দাতার স্বাক্ষর, তারিখ ও
সীলমোহর

রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

১৪। **দরদাতা কর্তৃক অবশ্য পালনীয় শর্তাবলীঃ**

(১) দরপত্রের সাথে সমুদয় অর্থ (ভ্যাট ট্যাক্স ব্যতীত) এবং প্রসেসিং ফি ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে;

(২) শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) এর নির্মাণ ও সাজসজ্জাকরণের কার্যক্রম মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে;

(৩) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) করতে হবে। উহার কাঠামো যথেষ্ট পরিমাণে মজবুত হতে হবে। মেলা মাঠের জন্য স্থাপিত/নির্মিত কাঠামো- শিশু ও দর্শনার্থীদের ব্যবহারের জন্য ঝুঁকিমুক্ত ও উহা ভেঙ্গে পড়ার সম্ভাবনা নেই-এ মর্মে একজন অভিজ্ঞ ও দক্ষ গ্রাজুয়েট নির্মাণ (সিভিল/মেকানিক্যাল) প্রকৌশলীর প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

(৪) শিশুদের ও মেলায় আগত দর্শনার্থীদের জন্য ঝুঁকিপূর্ণ এমন ইকুইপমেন্টস/কাঠামো/ডিভাইস ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয় হলে তার দায় দায়িত্ব কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে ;

(৫) শিশু পার্কে প্রবেশের জন্য জন প্রতি টিকেট মূল্য, বিভিন্ন রাইড ব্যবহারের জন্য জন প্রতি টিকেট মূল্য মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে। নির্ধারিত মূল্যের অতিরিক্ত অর্থ আদায় করলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্তপূর্বক বরাদ্দপত্র বাতিল করা হবে,

(৬) শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) এর জন্য নির্ধারিত স্থানে যতগুলো আইটেম বা ডিভাইস স্থাপন করা সম্ভব হবে ততগুলো ডিভাইস স্থাপন করা যাবে, তার অধিক নয়।

(৭) মাস্টার প্ল্যানের নির্ধারিত স্থানে মেলা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক মেলায় শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) করতে হবে, নির্ধারিত স্থানের বাইরে শিশু-পার্ক এর রাইড ও অন্য কোন ভাসমান/স্থায়ী দোকান স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) করা যাবে না। অতিরিক্ত জায়গা দখল করা হলে যে কোন প্রকার আর্থিক জরিমানা বা কার্যাদেশ বাতিল পূর্বক সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(৮) মেলা কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়ে জারীকৃত আদেশ যথাযথভাবে প্রতিপালন করা হবে মর্মে আপনার প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

(৯) কোন ধরণের শিশুতোষ প্রদর্শনী থাকলে তা শিশুদের জন্য শিক্ষা মূলক ও নির্মল চিত্র বিনোদনের উপযোগী হতে হবে। বিতর্ক বা অস্থিরতা সৃষ্টিকারী, শিশুদের মানসিক বিকাশের সাথে অসঙ্গতিপূর্ণ কিংবা সমাজের মূল্যবোধ এবং রাষ্ট্রীয় আইনের পরিপন্থি/ সরকার বিরোধী কোন প্রচারকার্য পরিচালনা করা যাবে না;

(১০) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মেলার মেয়াদকাল বর্ধিত করা হলে সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত ভাড়া পরিশোধপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনা করতে পারবে;

(১১) নির্বাচিত সংস্থা/প্রতিষ্ঠানকে কার্য সম্পাদন সংশ্লিষ্ট শর্তাবলী সম্বলিত একটি চুক্তিনামা টাঃ ৩০০/- (টাকা তিনশত) মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদন করতে হবে এবং উক্ত স্ট্যাম্পের ব্যয় দরদাতা কর্তৃক বহনযোগ্য হবে।

(১২) অনিবার্য কোন কারণে (যেমনঃ প্রাকৃতিক দৈব দূর্বিপাক, সরকারি সিদ্ধান্ত, হরতাল, মহামারী অথবা রাজনৈতিক অস্থিরতা) মেলা স্থগিত বা বন্ধ ঘোষণা করা হলে মেলা তহবিলে জমাকৃত দরদাতার কোন অর্থ ফেরৎ প্রদান, পূণর্ভরণ বা সমন্বয় করা যাবে না;

(১৩) মেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিকভাবে কার্যাদেশ জারীর ৭(সাত) দিনের মধ্যে নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক উদ্ধৃত দরের অর্থ ছাড়াও [১৫% ভ্যাট বাবদ + ১০% কর বাবদ+ প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে)] ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় "ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে। অন্যথায় চূড়ান্তভাবে কার্যাদেশ প্রদান করা হবে না এবং দরপত্রের সাথে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১৪) ডিআইটিএফ ২০২৭ এর ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠান কোনক্রমেই ইজারা কার্যক্রম অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনার ক্ষমতা/দায়িত্ব প্রদান করতে পারবে না। এ ধরনের কোন কার্যক্রম প্রদান করা হলে কার্যাদেশ/ইজারা চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১৫) ঝুঁকিপূর্ণ কোন গেমস্ পরিচালনা করা যাবে না, শিশু পার্কের সম্পূর্ণ নিরাপত্তা নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ শব্দযুক্ত কোন ডিভাইস পরিচালনা করা যাবে না;

(১৬) মেলায় আগত শিশুদের জন্য বিভিন্ন শিক্ষা ও বিনোদনমূলক ডিজিটাল প্রোগ্রাম (পাপেট শো, থ্রি ডি, কম্পিউটার গেমস্, ভিডিও গেমস্, লিফটিং ইত্যাদি) পরিচালনা করা যাবে;

(১৭) দরপত্রের বিজ্ঞপ্তি ও দরপত্রের শিডিউলে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জরিমানা আরোপ, ভবিষ্যতে অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহণের জন্য অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্তসহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থাগ্রহণ করা যাবে।

(১৮) মেলায় অংশগ্রহণকারী বা মেলার বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি মেলার নীতিমালা লঙ্ঘন করলে মেলা কর্তৃপক্ষ জামানতের সমপরিমান পর্যন্ত অর্থ জরিমানা করতে পারবে।

(১৯) কোন বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বা ব্যক্তি বরাদ্দপ্রাপ্ত জায়গার তুলনায় মেলা মাঠে অতিরিক্ত জায়গা দখল করলে দখলকৃত জায়গার জন্য মেলা কর্তৃপক্ষ বরাদ্দকৃত/বরাদ্দপ্রাপ্ত ভাড়ার/মূল্যের হারের তুলনায় ১.৫ (দেড়) গুণ পর্যন্ত অর্থ জরিমানা করতে পারবে। আরোপিত এরূপ জরিমানার অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তি বা ব্যক্তি মেলা তহবিলের অনুকূলে পরিশোধ করতে বাধ্য থাকবে।



(২০) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ ২০২৭ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহন করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) সংক্রান্ত কাজ বরাদ্দ করা হবে না।

(২১) প্রয়োজন হলে মেলা কর্তৃপক্ষ ডিআইটিএফ এর শিশু-পার্ক স্থাপন ও পরিচালনা-২ (সেন্টারের ৬ একর জায়গার মধ্যে) কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান বা অন্য কোন কর্তৃপক্ষ বা বিভাগের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সম্পাদন করাতে পারবেন।

(২২) মেলার যে কোন কাজের বা যে কোন বরাদ্দের মোট ফ্লোর মূল্য বা মোট বরাদ্দমূল্য ৩১ (একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য বলে গণ্য করতে হবে।

(২৩) এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষর সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে সকল প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশগ্রহনের অযোগ্য ঘোষণা করতে পারবেন।

(২৪) এ কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলায় উহার সকল প্রকার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ করা যাবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে। এছাড়া এ সকল ক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান এর অনুকূলে সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ/বরাদ্দ দেয়া যাবে;

(২৫) মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে মেলা মাঠের মাস্টার প্ল্যান যে কোন সময় পরিবর্তন/সংশোধন করতে পারবে;

(২৬) এ কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এ ক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে উহাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে তাদের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থাগ্রহণ করা যাবে;

(২৭) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www.epb.gov.bd এর ওয়েবসাইট থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক উহার মাধ্যমে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

(২৮) মেলায় অংশগ্রহণের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে তা গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না;

(২৯) অত্র শিডিউলের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাতা প্রতিষ্ঠানের সীলমোহর ও স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে ;

(৩০) হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নম্বরসহ সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ/লিপিবদ্ধ করতে হবে;

(৩১) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়া পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী প্রযোজ্যতা মোতাবেক দরপত্র দাখিলকারী/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে;

(৩২) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

(৩৩) কোভিড পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্য বিধি মেনে শিশু পার্ক পরিচালনা করতে হবে;

(৩৪) ডিআইটিএফ ২০২৭ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে;

(৩৫) মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন এবং যেকোন শর্ত সংশোধন পরিবর্তন ও বাতিল করতে পারবে;

(৩৬) প্রয়োজনবোধে স্বাক্ষরযুক্ত অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। প্রতিটি মূল্য অংকে এবং কথায় লিখতে হবে।

১৫। দরদাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহরঃ

মোঃ বজলুর রশীদ
সচিব (উপসচিব)
রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
পরিচালক
৩১তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৭ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, ই-মেইলঃ ditf@epb.gov.bd, secy@epb.gov.bd